গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিবহন পুলভবন , সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা-১০০০।
www.molwa.gov.bd

স্মারক নং- ৪৮.০০.০০০০.০১১.১৬.০৩৭.২২-৫৬

তারিখ: ২৪ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ / ০৭ মে ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল,২০২৩-জুন,২০২৩) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ১২/০৪/২০২২ তারিখে সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সভাপতিত্বে ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল,২০২৩-জুন,২০২৩) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে সংযুক্ত করে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনা মোতাবেক।

04/05/2026

মোঃ জাহাঙ্গীর আলম
উপসচিব
ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা (NIS)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১. অতিরিক্ত সচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;
০২. অতিরিক্ত সচিব (উন্নয়ন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;
০৩. ব্যবস্থাপনা পরিচালক , বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০;
০৪. মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, জাতীয় স্কাউট ভবন, কাকরাইল, ঢাকা;
০৫. যুগ্মসচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;
০৬. উপসচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১. সচিব (সমন্বয় ও সংস্কার) মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
০২. সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। (সচিব মহোদয়ের অবগতির জন্য)
০৩. প্রকল্প পরিচালক (সকল), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০৪. উপসচিব (সকল), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০৫. সিস্টেম এনালিস্ট, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
০৬. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
www.molwa.gov.bd

## ২০২২-২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সাংক্রান্ত নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল, ২৩ – জুন, ২৩) সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব খাজা মিয়া, সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
সভার তারিখ : ১২/০৪/২০২৩ খ্রি:
সভার সময় : দুপুর ১২:৩০ ঘটিকা।
সভার স্থান : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং ৬০৫)
উপস্থিতি : হাজিরা সিট (পরিশিষ্ট "ক") সংযুক্ত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের সর্বাত্মক সহযোগিতা কামনা করেন। এছাড়াও, কর্ম-পরিকল্পনায় উল্লেখিত বিষয়াদি চিহ্নিত করে তা বাস্তবায়নে উদ্যোগী হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

০২। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (হিসাব) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা (NIS) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ৩য় ত্রৈমাসিকের (জানুয়ারি/২০২৩ - মার্চ/২০২৩) এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। প্রতিবেদনে উল্লিখিত প্রতিটি আইটেম এর লক্ষ্যমাত্রা এবং অগ্রগতি ধারাবাহিকভাবে আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনা শেষে কর্ম-পরিকল্পনার ৩য় ত্রৈমাসিকের (জানুয়ারি/২০২৩ - মার্চ/২০২৩) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সভায় অনুমোদন করা হয়।

০৩। অতঃপর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর সূচক নং ১.২ (নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন) অনুযায়ী ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি/২০২৩-মার্চ/২০২৩) এর বাস্তবায়িত কার্যক্রমসমূহ ধারাবাহিকভাবে পর্যালোচনা করা হয়। এছাড়াও ২য় ত্রৈমাসিক সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি নিয়েও সভায় আলোচনা করা হয় এবং পরবর্তী ৪র্থ ত্রৈমাসিকে বাস্তবায়িতব্য কার্যক্রম সম্পর্কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়। সভায় কর্ম-পরিকল্পনার অনুচ্ছেদ ওয়ারী আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপ :

| ক্র: নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত ও বাস্তাবায়নকারী |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। | ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী গত ১২/০৪/২০২৩ তারিখে নৈতিকতা কমিটির ৪র্থ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিগত ৩য় সভার সিদ্ধান্তসমূহের বাস্তাবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়। আলোচনাকালে নৈতিকতা কমিটির ৩য় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়নের বিষয়ে সন্তোষ প্রকাশ করা হয়। অত:পর ১২/০৪/২০২৩ তারিখে অনুষ্ঠিত সভায় ৪র্থ ত্রৈমাসিকে (এপ্রিল/২৩- জুন/২৩) বাস্তবায়িতব্য কার্যক্রমসমূহ যথাযথভাবে সম্পাদনের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | সিদ্ধান্ত: নৈতিকতা কমিটির ৪র্থ সভা যথাসময়ে অনুষ্ঠিত হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয় এবং সভার সিদ্ধান্ত মোতাবেক কর্ম-পরিকল্পনাভূক্ত ও কর্মপরিকল্পনা বহির্ভূত সকল কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী ১০০% বাস্তবায়ন করার সুপারিশ করা হয়।<br><br>বাস্তবায়নঃ<br>১। মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল;<br>২। ব্যবস্থাপক পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাষ্ট;<br>৩। সকল কর্মকর্তা, মুবিম;<br>৪। উপসচিব (হিসাব) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা (NIS)। |
| ২। | ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী ৩য় সভার সকল সিদ্ধান্ত (কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর সকল কার্যক্রম) যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে মর্মে সভায় জানানো হয়। | সিদ্ধান্ত: নৈতিকতা কমিটির ৪র্থ সভার সিদ্ধান্তসমূহ শতভাগ (১০০%) বাস্তবায়ন করতে হবে।<br><br>বাস্তবায়নঃ<br>১। মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল; |

| | | | |
|---|---|---|---|
| | | এছাড়াও, ৩য় সভার সিদ্ধান্ত মোতাবেক শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বহির্ভূত অন্যান্য কার্যক্রমসমূহ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে মর্মে সভাকে অভিমত ব্যক্ত করা হয়।<br><br>তাছাড়া ৩য় কোয়ার্টারের যে সকল প্রমাণক এখনও দাখিল করা হয়নি তা অবিলম্বে দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | ২। ব্যবস্থাপক পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাষ্ট;<br>৩। সকল কর্মকর্তা, মুবিম। |
| ৩। | ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা | সুশাসন প্রতিষ্টার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংগ্রহণে ১ম পর্যায়ের সভা গত ২৬/০৯/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। ২য় পর্যায়ের সভা (৩য় কোয়ার্টারে নির্ধারিত) সভাটি গত ২৯/০৩/২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। ফলে এ সূচকটি ১০০% বাস্তবায়িত হয়েছে। | সিদ্ধান্ত: সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত সকল পর্যায়ের অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ২য় সভা নির্ধারিত সময়ের মধ্যে অনুষ্ঠিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। |
| ৪। | ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী ৩য় কোয়ার্টারের জন্য নির্ধারিত প্রশিক্ষণটি গত ২৮/০৩/২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে। ৩য় পর্যায়ে ৪৮ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। ৪র্থ পর্যায়ের প্রশিক্ষণ যথাসময়ে সম্পাদনের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | সিদ্ধান্ত: শুদ্ধাচার সংক্রান্ত বিষয়ে ৪র্থ ব্যাচে ২৫ জনের প্রশিক্ষণ যথাসময়ে আয়োজন করতে হবে।<br><br>বাস্তবায়নঃ<br>১। উপসচিব (প্রশিক্ষণ)। |
| ৫। | ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডভুক্ত অকেজো-মালামাল নিস্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি) | প্রশাসন শাখা হতে জানানো হয় যে, ইতোমধ্যে অকেজো মালামাল ও পুরাতন নথিপত্র কল্যাণ ট্রাস্ট এর একটি গুদামে স্থানান্তর করা হয়েছে। উক্ত মালামালসমূহ মেরামতকরত: কল্যাণ ট্রাস্ট কর্তৃক ব্যবহার করা হচ্ছে মর্মে ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট জানান।<br><br>এছাড়াও, কল্যাণ ট্রাস্টের অকেজো মালামাল সমূহ নিষ্পত্তির নিমিত্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাষ্ট হতে ইতোমধ্যে দরপত্র আহ্বান করা হয়েছে এবং ইতোমধ্যে তা ৪,৬৫,০০০/- টাকায় বিক্রয় করা হয়েছে।<br><br>এছাড়াও, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা হয়েছে। | সিদ্ধান্ত:<br><br>১। এ মন্ত্রণালয় থেকে প্রেরিত পুরাতন/অকেজো মালামাল কল্যাণ ট্রাস্ট কর্তৃক মেরামতপূর্বক ব্যবহার করার সপক্ষে প্রমাণক সংরক্ষণ করতে হবে।<br><br>বাস্তবায়নেঃ<br><br>১। উপসচিব (প্রশাসন);<br><br>২) ফোকাল পয়েন্ট কর্মকর্তা (এনআইএস)। |
| ৬। | ১.৬ আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ত্রৈমাসিক অগ্রগতি | কর্ম-পরিকল্পনার লক্ষমাত্রা অনুযায়ী ৩য় কোয়ার্টারের জন্য নির্ধারিত ফিডব্যাক সভাটি গত ১৯/০১/২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে। আলোচনাকালে ৪র্থ কোয়ার্টারের জন্য নির্ধারিত সভাটি যথাসময়ে বাস্তবায়ন করার সুপারিশ করা হয়। | সিদ্ধান্ত: আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৩য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক সভা নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br><br>বাস্তবায়নেঃ ১। যুগ্মসচিব (প্রশাসন);<br>২। ফোকাল পয়েন্ট কর্মকর্তা (NIS)। |

| | | | |
|---|---|---|---|
| | প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | | |
| ৭। | ২.১ ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ। | ক্রয়-পরিকল্পনা এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে যথাসময়ে আপলোড/প্রকাশ করা হয়েছে। | সিদ্ধান্ত: ১। ক্রয়-পরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম নিশ্চিত করতে হবে।<br>বাস্তবায়নেঃ ১। উপসচিব (পরিকল্পনা);<br>২। উপসচিব (প্রশাসন-১)। |
| ৮। | ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | বার্ষিক ক্রয়-পরিকল্পনানুযায়ী ক্রয়-কার্যক্রম চলমান আছে। ৩য় কোয়ার্টার পর্যন্ত উন্নয়ন বাজেটের আওতায় ৪৫% ক্রয়-কার্যক্রম বাস্তবায়িত হয়েছে এবং রাজস্ব বাজেটের আওতায় ৪৭.৬১% ক্রয়-কার্যক্রম বাস্তবায়িত হয়েছে। বার্ষিক ক্রয় পরিকল্পনার ১০০% বাস্তবায়নের নিমিত্ত সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সিদ্ধান্ত: ১। ক্রয়-পরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।<br>বাস্তবায়নেঃ<br>১। উপসচিব (প্রশাসন);<br>২। উপসচিব (পরিকল্পনা);<br>৩। প্রকল্প পরিচালক (সকল)। |
| ৯। | ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | ৩য় ত্রৈমাসিক পর্যন্ত বার্ষিক উন্নয়ন কর্মসূচির ৪৯.৪৯% বাস্তবায়িত হওয়ায় সভায় সন্তুষ্টি প্রকাশ করা হয়। ৪র্থ ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী অবশিষ্ট ৫০.৫১% বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে নির্দেশনা প্রদান করা হয়। | সিদ্ধান্ত: ১। ৪র্থ ত্রৈমাসিকে অবশিষ্ট ৫০.৫১% তথা জুন, ২০২৩ এর মধ্যে ১০০% বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন করতে হবে।<br>বাস্তবায়নেঃ ১। অতিরিক্ত সচিব (উন্নয়ন);<br>২। প্রকল্প পরিচালক (সকল);<br>৩। উপসচিব (পরিকল্পনা) |
| ১০। | ২.৪ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | ৩য় ত্রৈমাসিকে বিভিন্ন প্রকল্পের ২টি PSC ও ৫টি PIC সভা আয়োজিত হয়েছে মর্মে সভায় জানানো হয়েছে। মার্চ ২০২৩ পর্যন্ত ৪টি পিএসসি এবং ৯টি পিআইসি অর্থাৎ মোট ১৩টি সভা অনুষ্ঠিত হয়েছে। অর্থবছর সমাপ্তির পূর্বেই অবশিষ্ট ১১টি সভা আয়োজন করত: ২৪টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে নির্দেশনা প্রদান করা হয়। | সিদ্ধান্ত: ১। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পসমূহের অবশিষ্ট ১১টি সভা (PSC/PIC) সভা আয়োজন নিশ্চিত করতে হবে।<br>বাস্তবায়নেঃ ১। অতিরিক্ত সচিব (উন্নয়ন);<br>২। প্রকল্প পরিচালক (সকল);<br>৩। উপসচিব (পরিকল্পনা) |
| ১১। | ২.৫ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তরের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়। | সিদ্ধান্ত:<br>১। নির্ধারিত সময় (৩০/০৬/২০২৩) এর মধ্যে সমাপ্ত প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নেঃ ১। সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক (সকল)। |
| ১২। | ৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিন্তকরণ | ৩য় ত্রৈমাসিকে সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করা হয়েছে মর্মে প্রশাসন শাখা হতে জানানো হয়। ভবিষ্যতেও সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের জন্য সংশ্লিষ্ট সকল | সিদ্ধান্ত:<br>১। সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>বাস্তবায়নেঃ উপসচিব (প্রশাসন)। |

| | | | |
|---|---|---|---|
| | | কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়। | |
| ১৩। | ৩.২ সারা বাংলাদেশের বীরমুক্তিযোদ্ধাদের ডিজিটাল সনদ ও স্মার্ট আইডি কার্ড বিতরণ। | বীর মুক্তিযোদ্ধাদের ডিজিটাল সনদ ও স্মার্ট কার্ড নির্ধারিত সময়ের মধ্যে বিতরণ কার্যক্রম ২য় কোয়ার্টারের মধ্যেই ১০০% সম্পন্ন করা হয়েছে। | সিদ্ধান্ত:<br>১। নির্ধারিত সময়ের মধ্যে বীর মুক্তিযোদ্ধাদের ডিজিটাল সনদ ও স্মার্ট কার্ড এর কোন ত্রুটি পরিলক্ষিত হলে তা দ্রুততম সময়ের মধ্যে সংশোধনের সুপারিশ করা হয়।<br>বাস্তবায়নেঃ ০১. উপসচিব (সনদ)। |
| ১৪। | ৩.৩ সনদ যাচাই এর জন্য ওয়েব সাইটে বীর মুক্তিযোদ্ধাদের তালিকা সংক্রান্ত App চালু করণ। | ইতোমধ্যে সংশ্লিষ্ট APPটি Google Play Store এর ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে এবং তা কার্যকর আছে। | সিদ্ধান্ত: ১। চালুকৃত APPটি যথাযথভাবে সচল রাখার বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>বাস্তবায়নে:<br>১। যুগ্মসচিব (প্রশাসন);<br>২। উপসচিব (সনদ)। |
| ১৫। | ৩.৪ মুক্তিযুদ্ধ বিষয়ক কর্ণার স্থাপন। | মুক্তিযুদ্ধ বিষয়ক কর্ণার স্থাপন সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। গত ৯/২/২০২৩ তারিখে এ সংক্রান্ত বিষয়ে একটি সভা হলেও এখন পর্যন্ত কর্ণারটি স্থাপিত হয়নি। আগামী ০১(এক) মাসের মধ্যে প্রস্তাবিত মুক্তিযুদ্ধ বিষয়ক কর্ণার স্থাপন নিশ্চিত করার জন্য উপসচিব (প্রশাসন)কে নির্দেশনা প্রদান করা হয়। | সিদ্ধান্ত: ১। আগামী ০১(এক) মাসের মধ্যে লাইব্রেরীর নির্ধারিত স্থানে মুক্তিযুদ্ধ বিষয়ক কর্ণার স্থাপন করতে হবে।<br>বাস্তবায়নেঃ<br>১। অতিরিক্ত সচিব (প্রশাসন);<br>২। উপসচিব (প্রশাসন)। |

০৪। মন্ত্রিপরিষদ বিভাগের শুদ্ধাচার শাখা কর্তৃক আয়োজিত গত ১৬-১৯ অক্টোবর ২০২২ তারিখে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার উপর অনুষ্ঠিত কর্মশালার ১.২ ও ১.৬ নং সিদ্ধান্তেরে আলোকে গৃহীতব্য কার্যক্রম এর বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভায় গৃহীত কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়-

| কর্মশালার সিদ্ধান্ত নং | কর্মশালার সিদ্ধান্ত | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১.২ | সুচকে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা মূল্যায়নের ক্ষেত্রে সিদ্ধান্তের গুণগত মান বিবেচনা করা হবে। নৈতিকতা কমিটির সভায় যদি শুধু কর্ম-পরিকল্পনার বিষয়ে আলোচনা করা হয় এবং সে অনুযায়ী সিদ্ধান্ত গৃহীত হয় সেক্ষেত্রে মূল্যায়নে অর্ধেক নম্বর পাওয়া যাবে। তবে নৈতিকতা কমিটির সভায় যদি শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার বাইরে নৈতিকতা কমটির কার্যপরিধি অনুযায়ী আলোচনা করা হয় এবং সে অনুযায়ী সিদ্ধান্ত গৃহীত এবং বাস্তবায়িত হলে পূর্ণ ৪(চার) নম্বর পাওয়া যাবে। | মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত মোতাবেক এ মন্ত্রণালয় কর্তৃক নিম্নরূপ ৪টি কার্য বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়-<br>ক) ৩য় কোয়ার্টারে সেবা সপ্তাহ পালন;<br>খ) বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সংক্রান্ত বিষয়ে জেলা ও বিভাগীয় পর্যায়ের হাসপাতালের প্রতিনিধি ও মাঠ প্রশাসনের কর্মকর্তাদের সমন্বয়ে অন্তত: ৮(আট)টি অবহিতকরণ সভাকরণ।<br>গ) সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর নেতৃত্বে অতিরিক্ত সচিব(প্রশাসন) ও অতিরিক্ত সচিব(উন্নয়ন) সহ কমিটির সদস্যবৃন্দ বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট এর কার্যক্রম পরিদর্শন। | সিদ্ধান্ত নং "খ" এর আলোকে বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সংক্রান্ত বিষয়ে অবশিষ্ট ৪(চার)টি অবহিতকরণ সভা নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>বাস্তবায়নে:<br>১) অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>২) উপসচিব (হিসাব)<br>সিদ্ধান্ত নং "গ ও ঘ" এর আলোকে সভা আহ্বানের নিমিত্ত নথি উপস্থাপন করত: তারিখ নির্ধারণ করে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টকে অবহিত করতে হবে। তারিখ |

| | | | |
|---|---|---|---|
| | | ঘ) সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর নেতৃত্বে অতিরিক্ত সচিব(প্রশাসন) ও অতিরিক্ত সচিব(উন্নয়ন) সহ কমিটির সদস্যবৃন্দ জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল এর কার্যক্রম পরিদর্শন।<br><br>এর মধ্যে "ক" নং সিদ্ধান্ত ইতোমধ্যে বাস্তবায়িতি হয়েছে এবং "খ" সিদ্ধান্ত মোতাবেক ইতোমধ্যে ৪(চার)টি সভা করা হয়েছে। অবশিষ্ট ৪টি সভা নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা হবে মর্মে জানানো হয়।<br><br>সিদ্ধান্ত নং "গ" ও "ঘ" এর আলোকে প্রস্তাবিত সভা করার জন্য নথি উপস্থাপন করত: সময় নির্ধারণ করে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টকে অবহিত করার সুপারিশ করা হয়। | চূড়ান্ত হওয়ার পরে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট কর্তৃক সভা আয়োজন করতে হবে।<br><br>বাস্তবায়নে:<br>১) মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল;<br>২) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।<br>৩) উপসচিব (হিসাব), ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |
| ১.৬ | সূচকে যে সকল মন্ত্রণালয়/বিভাগের দপ্তর/সংস্থা নেই তাদেরকে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ১.৫ কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত ২টি কাজের স্থলে ৪টি কাজ করতে হবে। নম্বর বন্টনের ক্ষেত্রে ৪টি কাজের প্রতি কাজের জন্য ১.৫ মান হিসাবে মোট ৬ নম্বর প্রাপ্ত হবে। | জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট এর জন্য কর্মপরিকল্পনার ১.৫ নং আইটেম (কর্ম পরিবেশ উন্নয়ন) সংক্রান্ত বিষয়ে অন্তত: দুইটি অতিরিক্ত কাজ নির্ধারণ করত: বাস্তবায়নের সুপারিশ করা হয়। স্ব-স্ব সংস্থা প্রধানগণ অতিরিক্ত দু'টি কাজ নির্ধারণ করত: তা বাস্তবায়ন করবেন এবং অতিরিক্ত কাজ দু'টির বিষয়ে মন্ত্রণালয়কে অবহিত করবেন। | জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট এর প্রধানগণ অতিরিক্ত দু'টি কাজ নির্ধারণ করত: তা বাস্তবায়ন করবেন এবং অতিরিক্ত কাজ দু'টির বিষয়ে মন্ত্রণালয়কে অবহিত করবেন।<br><br>বাস্তবায়নে:<br>১) মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল; ও<br>২) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট। |

০৫। **সার্বিক সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়-

ক) শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর ৩য় ত্রৈমাসিকের (জানুয়ারি, ২৩ – ডিসেম্বর, ২৩) এর অগ্রগতি বাস্তবায়ন প্রতিবেদন অনুমোদন করা হলো;

খ) শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর আইটেম সমূহের বিষয়ে অনুচ্ছেদ ৩ এর মেট্রিক্সের ৪ নং কলামে বর্ণিত নির্দেশনা মোতাবেক বাস্তবায়নকারী কর্মকর্তা কর্তৃক সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হলো;

গ) শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর ১.২ নং সূচকের আওতায় নিম্নবর্ণিত অতিরিক্ত ৩(তিন)টি কাজ বাস্তবায়ন করতে হবে-

(১) বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সংক্রান্ত বিষয়ে জেলা ও বিভাগীয় পর্যায়ের হাসপাতালের প্রতিনিধি ও মাঠ প্রশাসনের কর্মকর্তাদের সমন্বয়ে অবশিষ্ট ৪(চার)টি অবহিতকরণ সভা নিধারিত সময়ের মধ্যে আয়োজন করতে হবে;

(২) সিদ্ধান্ত নং "গ ও ঘ" এর বিষয়ে নথি উপস্থাপন করত: সচিব মহোদয় কর্তৃক সভার তারিখ চূড়ান্ত করে তা জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট কর্তৃপক্ষকে জানিয়ে দিতে হবে।

ঘ) জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট স্ব-স্ব শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর ১.৫ নং আইটেম (কর্ম পরিবেশ উন্নয়ন) সংক্রান্ত বিষয়ে অন্তত: দুইটি করে অতিরিক্ত কাজ বাস্তবায়নের সুপারিশ করা হলো। স্ব-স্ব সংস্থা প্রধানগণ অতিরিক্ত দু'টি কাজ নির্ধারণ করত: তা বাস্তবায়ন করবেন এবং অতিরিক্ত কাজ দু'টি বাস্তবায়নের বিষয়াদি মন্ত্রণালয়কে অবহিত করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/৪/২৩

খাজা মিয়া
সচিব
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।